# গণভোটের রায় উপেক্ষা, দেশে ফ্যাসিবাদের আশঙ্কা: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

গণভোটের ফলাফল অগ্রাহ্য করার মাধ্যমে দেশে আবারও ফ্যাসিবাদী ধারা ফিরে আসার আশঙ্কা তৈরি হয়েছে বলে মন্তব্য করেছেন জামায়াতের আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

সোমবার (৬ এপ্রিল) জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে জাতীয় গণতান্ত্রিক পার্টির ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

তিনি বলেন, গণভোটের রায় প্রত্যাখ্যানের মুহূর্ত থেকেই দেশে গণতান্ত্রিক মূল্যবোধের অবক্ষয় শুরু হয়েছে, যা ফ্যাসিবাদের নতুন পথ তৈরি করছে। এই প্রবণতা ঠেকাতে প্রয়োজন হলে আরও ত্যাগ স্বীকারের কথাও উল্লেখ করেন তিনি।

শফিকুর রহমান জানান, সংসদ তা মেনে নিক বা না নিক, ১১ দলীয় জোটের মাধ্যমে গণভোটের সিদ্ধান্ত বাস্তবায়নে তারা অটল থাকবেন।

তিনি আরও বলেন, এ আন্দোলন কোনো দলীয় স্বার্থে নয়; বরং দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার লক্ষ্যেই তাদের এই অবস্থান।

LENS ASIA